**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 27-04-24** **Desk in Charge :**

**Time : 07.35 AM** **Compiling :**

**Morning /Day /Evening** **National/ Regional/ General**

**Opening Announcement –**আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১) লোকসভা নির্বাচনের দ্বিতীয় দফায় রাজ্যের তিন আসন দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাটে গড়ে ভোট পড়েছে ৭১ দশমিক ৮/৪ শতাংশ। ভোট গ্রহণ পর্ব মোটামুটি শান্তিপূর্ণই ছিল।

২) দ্বিতীয় পর্যায়ের ভোট মিটে যাওয়ার পর বাকি পর্বের প্রচার জমে উঠেছে।

৩/ রামনবমীতে রাজ্যে বিক্ষিপ্ত অশান্তির ঘটনায় NIA-কে রিপোর্ট দাখিলের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৪/ উত্তর ও উত্তর পশ্চিম দিক থেকে আসা শুষ্ক বাতাসের প্রভাবে তীব্র গরমের জেরে রাজ্যের বেশীরভাগ জেলায় সাধারণ জনজীবন ব্যাহত। মঙ্গলবার পর্যন্ত তাপপ্রবাহের সতর্কতা জারি।

৫/ ইডেন গার্ডেনসে IPL ক্রিকেটের ম্যাচে পাঞ্জাব কিংস ৮ উইকেটে কলকাতা নাইটরাইডার্সকে হারিয়ে T-20 ক্রিকেটের ইতিহাসে সবচেয়ে বেশি রান তাড়া করে জয়ের নজির গড়েছে।

*************************************************************

লোকসভা নির্বাচনের দ্বিতীয় দফায় রাজ্যের তিন আসন দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাটে গড়ে ভোট পড়েছে ৭১ দশমিক ৮/৪ শতাংশ। নির্বাচন কমিশনের সর্বশেষ পরিসংখ্যান অনুযায়ী- দার্জিলিং-এ প্রায় ৭৩, বালুরঘাটে- ৭২ দশমিক ৩/০ এবং রায়গঞ্জে ৭১ দশমিক ৮/৭ শতাংশ ভোট পড়েছে।

মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব জানিয়েছেন, ভোটগ্রহণপর্ব মোটামুটি শান্তিপূর্ণই ছিলো। বড় ধরণের কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

দ্বিতীয় দিনের ভোটকে কেন্দ্র করে কমিশনের কাছে ৪৫৬টি অভিযোগ দায়ের হয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশী রায়গঞ্জে- ২২৫টি। এছাড়া বালুরঘাটে ১৪৯ ও দার্জিলিং-এ ৮২টি অভিযোগ জমা পড়েছে। এর বেশীর ভাগের'ই নিষ্পত্তি হয়েছে বলে তিনি জানান।

মুখ্য নির্বাচনী আধিকারিক আরো জানান, দার্জিলিং-এর বিজেপি প্রার্থী চোপড়ার তিনটি বুথে আবার ভোট নেওয়ার দাবী জানিয়েছেন, তবে সেব্যাপারে স্ক্রুটিনির পরেই সিদ্ধান্ত নেওয়া হবে বলে শ্রী আফতাব উল্লেখ করেন।

**********************

এদিকে, দ্বিতীয় পর্যায়ের ভোট মিটে যাওয়ার পর বাকি পর্বের প্রচার জমে উঠেছে।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ আসানসোলে দু'টি জনসভা করবেন। ওই আসনের তৃণমূল কংগ্রেস প্রার্থী শত্রুঘ্ন সিন্‌হার হয়ে প্রচারে কুলটিতে ও ঊষাগ্রাম বয়েজ স্কুলের মাঠে দু'টি সভা করবেন তিনি। তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ পূর্ব বর্ধমান ও বীরভূমের ভোট প্রচারে অংশ নেবেন। তাঁর প্রথম সভাটি হবে পূর্ব বর্ধমান লোকসভার জামালপুরে। দুবরাজপুরে তার অপর একটি জনসভা করার কথা।

তৃণমূল কংগ্রেস নেতা ফিরহাদ হাকিম আজ মালদার রতুয়া ও পুকুরিয়ায় এক জনসভা করবেন।

এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ দলীয় প্রার্থী অভিজিৎ গঙ্গোপাধ্যায় সমর্থনে তমলুক ও মহিষাদলে দুটি মিছিল করবেন।

অন্যদিকে, ডোমকলে CPIM-এর প্রার্থী মহম্মদ সেলিমের সমর্থনে এক সমাবেশে ভাষণ দেবেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী। কলকাতায় আজ বামেদের দু'টি মিছিল রয়েছে। প্রথমটি দক্ষিণ কলকাতার

সিপিএম প্রার্থী সায়রা শাহ হালিমের সমর্থনে। যাদবপুরের সিপিএম প্রার্থী সৃজন ভট্টাচার্যের সমর্থনে দ্বিতীয়টি। দু'টি মিছিলেই থাকবেন CPIM-এর পলিটব্যুরোর সদস্য বৃন্দা কারাট। থাকবেন ছাত্রনেত্রী ঐশী ঘোষও।

CPIM রাজ্য সম্পাদক মহঃ সেলিম মুর্শিদাবাদের ডোমকল, মিয়াঁর বাগান সহ বিভিন্ন জায়গায় প্রচারে যোগ দেবেন। দলের নেতা সুজন চক্রবর্তী বেলঘড়িয়ার পুব পাড়ায় প্রচারের কাজ করবেন।

ISF নেতা নৌশাদ সিদ্দিকি পূর্ব মেদিনীপুরের তমলুক ও হাওড়ার উলুবেড়িয়ায় দু'টি জনসভায় সামিল হবেন।

**********************

লোকসভা নির্বাচনের প্রাক্কালে দলীয় কার্যালয়ের দখলকে কেন্দ্র করে রেলনগরী খড়পুরে, গতকাল মধ্যরাত অবধি বিজেপি ও তৃণমূল কংগ্রেসের মধ্যে উত্তেজনা ছড়ায়।

উল্লেখ্য, গত সন্ধ্যায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর হাত ধরে খড়্গপুর পৌরসভার ৩২নং ওয়ার্ডের কাউন্সিলর মুকেশ, তৃণমূল কংগ্রেস থেকে পুনরায় বিজেপি-তে ফিরে যান। ২০২২ সালের পৌর নির্বাচনে বিজেপি-র টিকিটে জেতার পর মুকেশ তৃণমূল কংগ্রেসে যোগ দিয়েছিলেন। আর তাঁর হাত ধরেই ৩২নং ওয়ার্ডের ছোটো আয়মা এলাকায় বিজেপি পার্টি অফিসটিও হয়ে গিয়েছিল তৃণমূল কংগ্রেসের পার্টি অফিস। লোকসভা নির্বাচনের প্রাক্কালে ফের তিনি বিজেপি-তে ফিরে আসেন। গতকাল রাতেই তৃণমূল কংগ্রেসের পার্টি অফিস পুনরায় বিজেপি দখল করতে গেলে গন্ডগোল বাধে। পরে মহকুমা শাসকের উদ্যোগে ওই পার্টি অফিসে তালা ঝুলানো হয়। আজ দুই পক্ষ কে নিয়ে বৈঠক হবার কথা রয়েছে।

**********************

লোকসভা নির্বাচনের চতুর্থ দফার জন্য জমাপড়া মনোনয়নপত্রগুলি গতকাল পরীক্ষা করে দেখা হয়। এই দফায় এই রাজ্যের ৮ টি আসন বহরমপুর, কৃষ্ণনগর, রানাঘাট, বর্ধমান পূর্ব, বর্ধমান দুর্গাপুর, আসানসোল, বোলপুর ও

বীরভূমে ১৩-ই মে ভোট নেওয়া হবে। প্রার্থী পদ প্রত্যাহারের শেষ দিন সোমবার ২৯-শে এপ্রিল।

নদীয়ার রানাঘাট তপশিলি সংরক্ষিত আসনে আজ স্ক্রুটিনির সময় একটি মনোনয়নপত্র বাতিল হয়েছে। নির্দল প্রার্থী হিসাবে শ্রীবাস কুমার রায় ঐ মনোনয়নপত্র দাখিল করেছিলেন। এই কেন্দ্রে মোট ৮ জন মনোনয়ন পত্র দাখিল করেন। একজনের বাতিল হওয়ায় সেখানে প্রা৪থীর সংখ্যা দাঁড়ালো ৭।

এদিকে, নদীয়া জেলায় দুটি আদর্শ আচরণবিধি লঙ্ঘন সংক্রান্ত ৬০০টি অভিযোগ এ পর্যন্ত জেলা প্রশাসনের কাছে জমা পড়েছে। ২৪ ঘন্টার মধ্যে অধিকাংশই নিষ্পত্তি করা হয়েছে বলে জেলাশাসক এস অরুন প্রসাদ আজ এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন।

জেলায় নির্বাচনী কাজকর্ম পর্যবেক্ষণের জন্য মোট পাঁচজন পর্যবেক্ষক ইতোমধ্যেই পৌঁছেছেন। রানাঘাট লোকসভা কেন্দ্রে সাধারণ পর্যবেক্ষক হিসাবে এসেছেন বিকাশ আনন্দ ও কৃষ্ণনগর লোকসভা কেন্দ্রে পাওয়ার নরসিং সাম্ভাজি। এই দুটি লোকসভা আসনের জন্য পুলিশ পর্যবেক্ষকের দায়িত্বে দেওয়া হয়েছে নাবান গুঙ্গটেকে। এছাড়া রানাঘাটের জন্য ব্যয় সংক্রান্ত অবজারভার হিসাবে সঞ্জিব রঞ্জন এবং কৃষ্ণনগরের জন্য দীপক যাদবকে নিযুক্ত করা হয়েছে।

**********************

লোকসভা নির্বাচনের পঞ্চম পর্যায়ের জন্য বিজ্ঞপ্তি জারির মধ্যে দিয়ে মনোনয়নপত্র দাখিলের কাজ শুরু হয়েছে। এই পর্যায়ে পশ্চিমবঙ্গের ৭ টি আসন - শ্রীরামপুর, ব্যারাকপুর, হুগলী, বনগাঁ, হাওড়া, উলুবেড়িয়া ও আরামবাগে ভোট নেওয়া হবে বিশে মে।

তেসরা মে পর্যন্ত প্রার্থীপদ দাখিল করা যাবে। পরের দিন চৌঠা মে জমা পড়া মনোনয়নগুলি পরীক্ষা করে দেখা হবে। নাম প্রত্যাহারের শেষ দিন ৬ই মে।

প্রথম দিনে উত্তর চব্বিশ পরগনা বনগাঁ লোকসভার বিজেপি প্রার্থী শান্তনু ঠাকুর, ঐ কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী বিশ্বজিৎ দাস ও বিএসপি প্রার্থী চন্দন মল্লিক এবং ব্যারাকপুর লোকসভা কেন্দ্রের বিএসপি প্রার্থী চপলা রায় মজুমদার

গতকাল প্রার্থীপদ দাখিল করেন। বারাসাতে জেলা নির্বাচনী আধিকারিকের দপ্তরে গিয়ে তাদের মনোনয়ন জমা দেন।

অন্যদিকে, হাওড়া লোকসভা কেন্দ্রের SUCI প্রার্থী উত্তম চ্যাটার্জী ও উলুবেড়িয়া লোকসভা কেন্দ্রের নিখিল বেরা প্রার্থীপদ দাখিল করেন।

উলুবেড়িয়া সংসদীয় আসনে তৃণমূল কংগ্রেস প্রার্থী সাজদা আহমেদ গতকাল দলীয় বিধায়ক এবং ব্লক সভাপতিদের উপস্থিতিতে মনোনয়নপত্র জমা দিয়েছেন।

**********************

রামনবমীতে রাজ্যে বিক্ষিপ্ত অশান্তি হয়েছে বলে কলকাতা হাইকোর্টে রিপোর্ট দিয়ে জানিয়েছে CID ও রাজ্য পুলিশ। প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চে পৃথকভাবে রিপোর্ট জমা দিয়েছেন মুর্শিদাবাদের পুলিশ সুপার ও CID । রাজ্য সরকারের রিপোর্টে বিক্ষিপ্ত অশান্তি ও বোমাবাজির কথা স্বীকার করলেও তদন্তে গুরুত্বপূর্ণ কিছু উঠে আসেনি বলেই জানানো হয়েছে। এরপর কলকাতা হাইকোর্ট NIA-কে একটি রিপোর্ট দেওয়ার জন্য নির্দেশ দেয়।

আগামী ১০ মে মামলার পরবর্তী শুনানি হবে।

**********************

উত্তর ২৪ পরগনার সন্দেশখালীর আগারহাটি গ্রামপঞ্চায়েতের মল্লিকপাড়া এলাকায় তালাবন্দী বাড়ি থেকে বিপুল পরিমাণে বেআইনী বিদেশী অস্ত্রশস্ত্র এবং বোমা উদ্ধারের ঘটনায় গতকাল তীব্র চাঞ্চল্য ছড়ায়। ইডি আধিকারিকদের ওপর হামলার ঘটনার তদন্তে CBI-এর ১০ সদস্যের একটি দল তৃণমূল কংগ্রেসের পঞ্চায়েত সদস্য হাফিজুল খাঁ-র আত্মীয় আবু তালেব মোল্লার বাড়িতে তল্লাশি চালাতে যায়। সে সময় অবশ্য বাড়ি তালাবন্ধ ছিল। সেখানে বাড়ির মেঝে খুঁড়ে উদ্ধার হয় বেশকিছু আগেয়াস্ত্র। যার মধ্যে ছিল তিনটি বিদেশী, একটি দেশী ও একটি কোল্ট রিভলবার, একটি বিদেশী ও একটি দেশি পিস্তল, প্রায় ৩৫০টি কার্তুজ। এছাড়াও শেখ শাহজাহান সংক্রান্ত কিছু আপত্তিকর নথিপত্র উদ্ধার

হয়েছে। বিস্ফোরক বোঝাই একটি বস্তাও পাওয়া যায়। সেগুলি নিষ্ক্রিয় করতে রিমোট চালিত রোবটকে কাজে লাগিয়ে চারটি বোমা নিষ্ক্রিয় করা হয়।

নির্বাচন কমিশন, সন্দেশখালির ঘটনায় রিপোর্ট তলব করেছে।

তৃণমূল কংগ্রেস বলেছে, নির্বাচনকে প্রভাবিত করার জন্যই সন্দেশখালিতে এই অস্ত্রের হদিশ মেলার ঘটনা সাজানো হয়েছে। এর পেছনে বিজেপি পরিকল্পনা থাকতে পারে বলে দলের নেতা কুণাল ঘোষ আশঙ্কা প্রকাশ করেছে।

অন্যদিকে, বিজেপির রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য্য, এর পেছনে বিজেপির চক্রান্ত রয়েছে- তৃণমূল কংগ্রেসর এই অভিযোগ খারিজ করে দিয়েছেন। তিনি পাল্টা দাবি করেছেন, শাসক দলের বিভাজন ও তোষণের রাজনীতির জন্যই এই ঘটনা। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারও এই ঘটনায় উদ্বেগ প্রকাশ করে কোথা থেকে এই বিপুল পরিমাণে বিদেশী অস্ত্র মজুত করা হল, সেই প্রশ্ন তুলেছেন।

**********************

উত্তর ও উত্তর পশ্চিম দিক থেকে আসাস শুষ্ক বাতাসের প্রভাবে তীব্র গরমের জেরে রাজ্যের বেশীরভাগ জেলায় সাধারণ জনজীবন ব্যাহত। আবহাওয়া দফতর আগামী মঙ্গলবার পর্যন্ত বেশীরভাগ জেলাতেই তাপপ্রবাহের পূর্বাভাস দিয়েছে।

দক্ষিণবঙ্গে পূর্ব ও পশ্চিম বর্ধমান, দুই মেদিনীপুর, বীরভূম, বাঁকুড়া ও ঝাড়গ্রাম জেলায় আজ থেকে মঙ্গলবার পর্যন্ত তীব্র তাপপ্রবাহের লাল সতর্কতা জারি করা হয়েছে।

উত্তরবঙ্গের মালদা ও দুই দিনাজপুরেও কমলা সতর্কতা এবং জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ারে আর্দ্র ও অস্বস্তিকর গরমের হলুদ সতর্কতা জারি করা হয়েছে।

পশ্চিম মেদিনীপুরের কলাইকুন্ডায় গতকাল তাপমাত্রা রেকর্ড করা হয় ৪৪ দশমিক ৭’ডিগ্রি সেলসিয়াস, যা রাজ্যের মধ্যে সর্ব্বোচ্চ। এছাড়া, পানাগড়ে- ৪৪ দশমিক ৬ , সিউড়িতে-৪৪, বাঁকুড়ায় ৪৩ দশমিক ৯, পুরুলিয়ায়- ৪২ দশমিক ৭, বর্ধমানে ৪২ দশমিক ৬ , আসানসোল ও মালদায় ৪২ দশমিক ৪’ডিগ্রি তাপমাত্রা রেকর্ড করা হয়।

কলকাতায় অবশ্য গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল আগের দিনের তুলনায় কিছুটা কম- ৩৯ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৯ দশমিক ৩'ডিগ্রি সেলসিয়াস- স্বাভাবিকের তুলনায় ৩'ডিগ্রি বেশী। তবে বাতাসে আপেক্ষিক আর্দ্রতার পরিমাণ বেশী থাকায় ঘর্মাক্ত গরমে নাজেহাল হচ্ছেন কলকাতাবাসী।

পানাগড়ে গতকাল গরমে হৃদরোগে আক্রান্ত হয়ে এক বৃদ্ধের মৃত্যু হয়েছে। অন্যদিকে কাঁকসার রূপগঞ্জে গরমের হাত থেকে রেহাই পেতে পুকুরে স্নান করতে নেমে ২১ বছরের এক যুবকের মৃত্যু হয়েছে।

এদিকে, গরম পড়ার সঙ্গে সঙ্গে পুরুলিয়া জেলা জুড়ে তীব্র জল সঙ্কট দেখা দিয়েছে। শহরের বহু ওয়ার্ডেও দেখা দিয়েছে পানীয় জলের হাহাকার।

**********************

গ্রীষ্মের শুরুতেই রাজ্যে তীব্র তাপপ্রবাহের মধ্যে গত মঙ্গলবার প্রকাশিত বিশ্ব জলবায়ু সংস্থার বিশেষ রিপোর্টে বলা হয়েছে, গত কয়েক দশকে রাজ্যে তাপমাত্রা বৃদ্ধির হার শূণ্য দশমিক ৫ থেকে ১ ডিগ্রি সেলসিয়াস। সুন্দরবন লাগোয়া অঞ্চলে সমুদ্রতলে উচ্চতা বেড়েছে ৪ দশমিক ৪/৪ মিলি মিটার, যা গোটা পৃথিবীর তুলনায় ৩০ শতাংশ বেশি। বিজ্ঞানীরা বলছেন, উষ্ণতা বৃদ্ধির এই হার নিয়ন্ত্রণ করা না গেলে ২০৮০ সালের মধ্যে রাজ্যের প্রতিটি শহরের তাপমাত্রা ৫০ ডিগ্রির কাছে পৌঁছে যাবে এবং দার্জিলিংয়ের তাপমাত্রা বৃদ্ধির হার হবে দিল্লির থেকেও বেশি।

একটি প্রতিবেদন ( ভিসি-অভিজিৎ )

**********************

ইডেন গার্ডেনসে IPL ক্রিকেটের ম্যাচে পাঞ্জাব কিংস ৮ উইকেটে কলকাতা নাইটরাইডার্সকে হারিয়ে T-20 ক্রিকেটের ইতিহাসে সবচেয়ে বেশি রান তাড়া করে জয়ের নজির গড়েছে।

*************************************************************